দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

016

তারিখ 08 DEC 1988
পৃষ্ঠা ... ১ ... কলাম ৭ ...

# ঢাকা মেডিক্যাল কলেজ ছাত্র সংসদের নির্বাচন ২০শে ডিসেম্বর

।। মনিলাল আইচ লিটু ।।

অবশেষে ঢাকা মেডিক্যাল কলেজ ছাত্র সংসদ নির্বাচন (ডা মেক সু) অনুষ্ঠিত হতে যাচ্ছে। ৪ সদস্যবিশিষ্ট কলেজের নির্বাচন কমিশন আগামী ২০শে ডিসেম্বর নির্বাচনের তারিখ ধার্য করেছেন। সংসদ নির্বাচন ছিল এ কলেজের ছাত্র-ছাত্রীদের দীর্ঘদিনের দাবী।

বিগত ১৯৮০ সালে ঐ

(১১-এর পাতায় দেখুন)

**ঢাকা মেডিক্যাল কলেজ**

(১ম পাতার পর)

কলেজে সর্বশেষ সংসদ নির্বাচ[ন] অনুষ্ঠিত হয়। দীর্ঘ ৮ বছর প[র] এ নির্বাচনের তারিখ নির্ধারণে[র] ফলে কলেজ অঙ্গনে প্রাণ চাঞ্চল্য ফিরে এসেছে। এ[র] আগেও কয়েকবার নির্বাচনে[র] ব্যাপারে কর্তৃপক্ষের তর[ফ] থেকে আশ্বাস দেয়া হলেও ত[া] অনুষ্ঠিত হয়নি।

আশা করা যাচ্ছে যে, কলেজের সবগুলি ছাত্র সংগঠন এ[তে] অংশ নেবে। নির্বাচনে ছা[ত্র] সংগ্রাম পরিষদগতভাবে গঠি[ত] প্যানেলের সাথে এর বাইরে[র] শক্তিগুলির সম্মিলিত প্যানেলে[র] সরাসরি প্রতিদ্বন্দ্বিতা হবে ব[লে] ব্যাপকভাবে মনে করা হচ্ছে।

এর আগে গত ২৭শে অক্টোবর ছাত্রলীগ (সু-র), বাংলাদে[শ] ছাত্র ইউনিয়ন, ছাত্রলীগ (মু-না), ছাত্র লীগ (বাসদ) ও জাতীয়তাবাদী ছাত্রদলের পক্ষ থেকে, নির্বাচনের দাবী জানিয়ে কলেজের অধ্যক্ষের কাছে একযোগে একটি স্মারকলিপি দেয়া হয়েছিল। এ স্মারকলিপিতে ২৭শে অক্টোবরের মধ্যে নির্বাচনের তারিখ ঘোষণার দাবী জানানো হয়েছিল।

এর পরিপ্রেক্ষিতে গত ২৪শে নভেম্বর ঢাকা মেডিক্যাল কলেজ একাডেমিক কাউন্সিলের এক সভায় নির্বাচন পরিচালনার জন্য রেডিওলজী বিভাগের অধ্যাপক মাকসুদুর রহমানকে প্রধান করে ৪ সদস্যবিশিষ্ট নির্বাচন কমিশন গঠন করা হয়। কমিশনের অপর সদস্যরা হলেন চর্ম বিভাগের অধ্যাপক আনোয়ারুল হক, প্যাথোলজী বিভাগের সহযোগী অধ্যাপক শাহ মুনীর হোসেন ও এনেসথেসিয়ার ডাঃ নুরুস সামাদ।

এ নির্বাচন কমিশনই বর্তমান নির্বাচনের তারিখ ঠিক করেছে। মনোনয়নপত্র জমা দেয়ার তারিখ ১৩ই ডিসেম্বর। আর তা প্রত্যাহারের শেষদিন ১৫ই ডিসেম্বর। ভোটার তালিকাও চূড়ান্ত হয়েছে। আজ একাডেমিক কাউন্সিলের এক জরুরী সভার পর নির্বাচনের নোটিশ জারি করা হবে বলে সংশ্লিষ্ট একটি সূত্র জানান।

এ নির্বাচনের ব্যাপারে উর্ধ্বতন মহলের সম্মতি রয়েছে বলে একটি সূত্র জানায়। নির্বাচন যাতে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয় সে জন্য কর্তৃপক্ষ সজাগ দৃষ্টি রেখেছেন। সব ছাত্র সংগঠন ইতিমধ্যেই নির্বাচনকে সামনে রেখে ব্যাপক তৎপরতা শুরু করেছে।